STATE AGRICULTURAL TECHNOLOGISTS' SERVICE ASSOCIATION
SATSA
WEST BENGAL
www.satsawb.org

# সাট্‌সা বুলেটিন

৫ম বর্ষ ২৪তম সংখ্যা ফেব্রুয়ারি, ২০১৪

## সম্পাদকীয়......

দীর্ঘ আড়াই বছর লড়াই-এর পর অচলায়তন আপাতত অপসারিত হল। দফতরের স্থবিরতা কিছুটা কেটেছে, বাঙ্ময় হয়েছে অস্ফুট স্বর, প্রাণবায়ু কিছুটা ফিরেছে আনাচে-কানাচে। মূহ্যমান কর্মক্ষেত্রের বাতায়নে এক অদ্ভুত প্রতিফলন, সদস্যরা উজ্জীবিত - সাট্‌সার গরিমায় আপ্লুত সকলে। কিন্তু কেন এই দীর্ঘসূত্রতা, আবার কেনই বা নাটকের যবনিকা, এর উত্তর সন্ধানের সময় এসেছে।

একসাথে ৫৬ জনের উচ্চতর দায়িত্বের পদে বদলির আদেশনামা, দফতরে যেমন এক অন্য ইতিহাস রচনা করেছে, তেমনি এই বিষয়ে সাট্‌সার লড়াই-এর গৌরবজ্জ্বল অধ্যায় স্বর্ণাক্ষরে লেখা থাকবে। নেতৃত্বের সঠিক দিশাও এক্ষেত্রে বিশেষ উল্লেখযোগ্য। কিছু স্বার্থান্বেষী চাকুরীজীবী ও অন্য সমিতির ভুঁইফোড় নেতা সংরক্ষণ নিয়ে সদস্যদের ভুল বোঝাচ্ছেন, এই বিষয়ে সতর্ক থাকতে হবে। প্রশ্ন জাগে এতদিন আইনি ও বে-আইনি পথে বিষয়টি আটকে রাখার পর কেন ঐসব ভন্ড নেতৃত্ব উচ্চতর দায়িত্বে যোগদান করলেন।

সচিবের খামখেয়ালিপনায় ব্লক থেকে রাজ্যস্তর পর্যন্ত কৃষি আধিকারিকেরা যখন হতাশ, ক্লান্ত এবং কর্মজীবনের আকাশে অশনি সংকেত দেখছেন, তখন রাজ্য সরকারের এহেন সিদ্ধান্তকে বিশেষ সাধুবাদ জানাই। আশাকরি, দফতরের রূপরেখা আগামীদিনে আরও কার্যকরী ও বাস্তবমুখী হবে। তবে

ভঙ্গুর পরিকাঠামোয় আমরা কি সম্মানের সঙ্গে আমাদের ন্যস্ত দায়িত্ব পালন করতে পারবো এই আশংকাও থেকে যাচ্ছে। শূন্যপদগুলি পূরণ করার বিষয়ে কর্তৃপক্ষ এখনো উদাসীন থেকে চরম অপেশাদারী মনোভাব প্রদর্শন করছেন। সংগঠনকে সমস্যার সমাধানে যুগোপযোগী পথ খুঁজে বের করতে হবে।

সরকারী উদ্যোগে প্রতিটি ব্লকে মাটি, কৃষি, উদ্যানপালন, মৎস্য ও প্রাণী সম্পদ মেলা এক বিশেষ মাত্রা এনেছে। কৃষক ও কৃষি-প্রযুক্তিবিদদের মধ্যে গণ সংযোগ ও সমন্বয়ের এক নতুন বাতাবরণ খুলে গেছে। এই মেলাকে ঘিরেই পুনঃজাগরণ ঘটুক হারিয়ে যাওয়া আঞ্চলিক লোকসংস্কৃতির, যা কৃষি প্রযুক্তির সম্প্রসারণে এক বিশেষ ভূমিকা নিতে পারে, লোকমানসে আনতে পারে সঠিক পরিবর্তন। খাদ্য নিরাপত্তার সাথে মানসিক সুখ-স্বাচ্ছন্দ্যও জরুরী সমাজকে এগিয়ে নিয়ে যেতে। স্মরণ করা যেতে পারে ''নিরন্ন সমাজ আর নিরানন্দ সমাজ, দুই মরনাপন্ন সমাজ''।


সারা পৃথিবী জুড়ে নারী নির্যাতনের যে চরম হিংস্র নারকীয় ঘটনার বহিঃপ্রকাশ ঘটছে, তাতে আমরা সবাই উদ্বিগ্ন, এই সমস্যা সমগ্র মানবজাতির মানবিক মূল্যবোধের পুনঃজাগরণের শপথ নিয়ে-এর উত্তরণের পথ আমাদেরই খুঁজতে হবে।

## শোক বার্তা

পশ্চিম মেদিনীপুরের সদস্য ভীমচন্দ্র হেমব্রম অকালে আমাদের ছেড়ে চলে গেছেন।

তরুণ বিজ্ঞানী ফামার সদস্য অভি দত্ত মজুমদারের অকাল প্রয়াণে আমরা শোকাহত। তাঁর সাথে সাট্‌সার আত্মিক যোগাযোগ ছিল। তাঁদের স্মৃতির প্রতি আমরা শ্রদ্ধা জানাই।

## কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির তৃতীয় সভার প্রতিবেদন



প্রবাদ প্রতিম বর্ণ বিদ্বেষ বিরোধী নেতা প্রয়াত নেলসন মেন্ডেলার প্রতি শোক জ্ঞাপন

গত ৭-৮ই ডিসেম্বর ২০১৩ তারিখে সাট্‌সার কেন্দ্রীয় কার্য নির্বাহী কমিটির তৃতীয় সভা দক্ষিণ ২৪ পরগণশর 'ওসেনিক লাইব্রেরীতে' অনুষ্ঠিত হল। সভার শুরুতে সাট্‌সার রাজ্য সভাপতি শ্রী মুরারি যাদব উপস্থিত সবাইকে অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। বর্ণবিদ্বেষ বিরোধী প্রবাদপ্রতিম প্রয়াত নেতা নেলসন মেন্ডেলার প্রতি গভীর শ্রদ্ধা ও শোক জ্ঞাপন করা হয়।

তিনি ৫৬ জনের উচ্চতর দায়িত্বের পদে বদলীর আদেশনামা প্রকাশকে ঐতিহাসিক আখ্যা দেন। দীর্ঘ আড়াই বছর পর সম্প্রতি বৃহৎ সংখ্যায় এই আদেশনামা প্রকাশ সম্ভব হয়েছে সংগঠনের ঐকান্তিক প্রয়াসে বলে তিনি মত প্রকাশ করেন।

মাননীয় সভাপতি শ্রী মুরারী যাদব বর্তমান অবস্থাকে বিশ্লেষণ করে লড়াই-এর পথ তৈরীর আহ্বান জানান।

শ্রী গৌতম কুমার ভৌমিক, সাধারণ সম্পাদক, সাট্‌সা পশ্চিমবঙ্গ, সবাইকে অভিনন্দন জানিয়ে বলেন যে, বর্তমান অবস্থার প্রেক্ষিতে এই সভাটি বর্দ্ধিত আকারে করা হচ্ছে। সভাপতির কথার রেশ ধরে তিনিও জানান একসাথে এতগুলি উচ্চ পদে বদলির সিদ্ধান্ত এক কথায় ঐতিহাসিক, তবে জানান অনৈতিকভাবে প্রায় ব্যাপারটি আড়াই বছর পিছিয়ে দেওয়া হল।

তিনি গবেষণা শাখায় সম্প্রতি কয়েকটি সাফল্যের উল্লেখ করেন। ১৫টি জিরো ব্যালেন্স এ্যাকাউন্ট খোলা এবং সব গবেষণা শাখায় গাড়ীর ব্যবস্থার বিষয়ে অবহিত করেন।

সম্প্রতি কৃষি সচিবের ১২০৩ নং আদেশনামাটি বাতিলকে সংগঠনের একটি বড় সাফল্য বলে তিনি অভিহিত করেন।

তিনি সভাকে জানান যে, সম্প্রসারণ ও গবেষণা শাখায় কৃষি প্রযুক্তিবিদ্ নিয়োগের ফাইলটি পুনর্বিন্যাস করে পি.এস.সি.তে পাঠানো সম্ভব হয়েছে গবেষণা শাখায় ৪১ জন এবং সম্প্রসারণে ১৭১ জন কৃষি আধিকারিক নিয়োগার্থে।

সদস্যদের বদলীর ব্যাপারে তিনি বলেন যে, নিয়মিতভাবে কৃষি প্রযুক্তিবিদ্ নিয়োগ না হলে সদস্যদের বদলীর সমস্যা দেখা দেবে। বিশেষ করে এই অবস্থা সৃষ্টি হচ্ছে ব্লক স্তরে।

সংগঠনের উদ্যোগে দ্রুততার সঙ্গে ৯৪ জনের ২৫ বছরের সুবিধা প্রাপ্তির আদেশ প্রকাশ করা সম্ভব হলেও অজ্ঞাত কারণে ৮ বছরের সুবিধা প্রাপ্তির ফাইলটি কৃষি দপ্তর অর্থ দপ্তরে প্রেরণ করে। ফলে সংশ্লিষ্ট সদস্যরা এই প্রাপ্য সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন বলে তিনি জানান।

দপ্তরের হৃত গৌরব ফিরতে পারে কৃষি অধিকর্তার পদটিকে পদাধিকার বলে সচিবের মর্যাদা প্রদানের মাধ্যমে এবং কৃষি ও সংশ্লিষ্ট দপ্তরগুলোকে একত্রিত করে ও সর্বোচ্চস্তরে ডিরেক্টর জেনারেল অব এগ্রিকালচার পদ সৃষ্টি করে। শ্রী ভৌমিক এই মত প্রকাশ করেন।

সাধারণ সম্পাদক, মাননীয়া মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২ লক্ষ টাকা প্রদান, সাট্‌সা ভবনের মিউটেশন ও মেরামতের জন্য প্রয়োজনীয় আর্থিক ব্যয়ের অনুমতির প্রস্তাব রাখেন।

তিনি বলেন এই সরকার গরিব মানুষের সঙ্গে রয়েছে। ইতিমধ্যে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় সরকার ১৯ কোটি টাকা বরাদ্দ করেছেন।

তিনি জেলা সম্পাদকদের বার্ষিক প্রযুক্তি সংখ্যা প্রকাশের জন্য সাহায্যের হাত বাড়াতে বলেন এবং যারা এখনো জেলার শূন্য পদগুলোর বিবরণ জমা দেন নি তাদের দ্রুত তা কেন্দ্রে দাখিল করার অনুরোধ করেন। আগামী ২২শে ফেব্রুয়ারী '১৪, টেক্‌নিকাল ইস্যু প্রকাশ উপলক্ষ্যে সেমিনার করা হবে বলে সভাকে অবহিত করেন।

শ্রী গোষ্ঠ ন্যায়বান, যুগ্ম সম্পাদক (প্রেস ও পাবলিসিটি), সাট্‌সা জানান যে প্রযুক্তি সংখ্যা প্রকাশ উপলক্ষ্যে কৃষির উপর আবহাওয়া পরিবর্তন-এর প্রভাব বিষয়ে আলোচনা হবে।

সদস্যদের প্রোফাইল সংক্রান্ত এস.এম.এস. যারা পাননি বা যাদের ব্যক্তিগত তথ্যে অসংগতি রয়েছে তারা সাট্‌সায় মেল করে সমস্যার কথা জানাতে পারে।

কম্পেনডিয়াম বিতরণের ব্যাপারে তিনি হতাশা প্রকাশ করেন কারণ এখনো পর্যন্ত মাত্র ৪০০টি বিতরণ সম্ভব হয়েছে।

মাননীয়া মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা পত্রের ব্যাপারে তিনি সভাকে অবহিত করেন এবং মুখ্যমন্ত্রীর কৃষি প্রযুক্তিবিদ্‌দের কাজের প্রশংসা, সদস্যদের উদ্যোমের জন্যই সম্ভব হয়েছে বলে তিনি মনে করেন।

এরপর স্কেল লিংক্‌ড ডেজিগনেশন-এর বিষয়টি ক্যাটাগরি বা বিভিন্নভাবে ভাগ করে বোঝান, জেলায় সদস্যদের মতামত জানার জন্য। বর্তমান পদগুলোর নতুন নামকরণের প্রস্তাবও রাখেন তিনি।

সাট্‌সার জেলা শাখাগুলির নানা দৃষ্টান্তগুলোকে নিয়ে ডকুমেন্টারী করবার অনুরোধ করেন যাতে সেগুলো সাট্‌সা ওয়েবসাইটে দেওয়া যায়।

বর্ধিত কেন্দ্রীয় কমিটির ৩য় সভায় আমন্ত্রিত বরিষ্ঠ সদস্যদের পরামর্শ ও বক্তব্য শোনা হয়।

শ্রী অসিত বরণ সাহা তার দীর্ঘ ৩৪ বছরের কর্মজীবনের কথা ও সংগঠন করার অভিজ্ঞতা তুলে ধরেন। বর্তমান সাধারণ সম্পাদকের কাজের প্রশংসার পাশাপাশি তিনি বলেন বর্তমান রাজ্য সরকার কৃষি প্রযুক্তিবিদ্‌দের সঠিক গুরুত্ব দিচ্ছেন।

শ্রী অশোক রায়, প্রাক্তন সাধারণ সম্পাদক, সাট্‌সা পশ্চিমবঙ্গ, তার ৩২ বছর সাংগঠনিক অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং আনন্দের সঙ্গে সাংগঠনিক কাজ করতে সকলকে অনুরোধ করেন। তিনি ১৯৮৩ সালে কৃষি প্রযুক্তিবিদ্‌দের আপ-গ্রেডেশন থেকে ২০০৯ সালে রিডেজিগনেশন বা পদের নাম পরিবর্তন বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা করেন। তিনি বলেন ১৯৯৫ সালে পরিবর্তনের জন্য লড়াই শুরু হয় সংগঠনে। তখন সাধারণ সম্পাদকের বর্দ্ধিত দায়িত্ব পালন করতে হত কারণ তখন বর্তমানের মত যৌথ নেতৃত্বের প্রথা চালু ছিল না।

শ্রী অলীক মন্ডল অতীতে সংগঠনের মধ্যে স্বৈরতন্ত্রের অবসানের কথা সকলকে স্মরণ করিয়ে দেন এবং পাশাপাশি সংগঠনে গণতান্ত্রিক এই বাতাবরণ বজায় রাখতে সকলকে আহ্বান জানান।

আর এক প্রবীণ সদস্য, শ্রী হিমাংশু মন্ডল উল্লেখ করেন সংগঠনে এখন গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি হয়েছে। তিনি আরও বলেন যে সর্বভারতীয় ক্ষেত্রে, বিভিন্ন রাজ্যে Joint Secretary পদে কৃষি প্রযুক্তিবিদ্‌দের নিয়োগের ব্যাপারে যে আন্দোলন চলছে, তাতে আমাদের অংশগ্রহণ করা জরুরি। তিনি আরও পরামর্শ দেন যে কর্মক্ষেত্রে রাজনৈতিক সখ্যতা গড়ে তুলতে হবে।

শ্রী সুকুমার রায় স্মরণ করিয়ে দেন UCS -এর দাবী আদায়ের জন্য আন্দোলন জোরদার করতে হবে।

সভায় আগত সকল জেলা সম্পাদকদের বক্তব্যের মুখ্য বিষয়গুলি হল :

প্রায় প্রত্যেক জেলা সম্পাদকই একসাথে ৫৬টি উচ্চতর পদে বদলির সিদ্ধান্তকে স্বাগত জানান এবং এজন্য নেতৃত্বকে ধন্যবাদ দেন। মুর্শিদাবাদের সাথে উত্তরের জেলাগুলির সম্পাদকরা ব্লকস্তরে শূন্যপদের জন্য বিশেষ সমস্যার কথা তুলে ধরেন। প্রায় সব জেলা সম্পাদকই দীর্ঘ আড়াই বছরের অচলায়তন কিছুটা অপসারিত হওয়ার জন্য সাধারণ সদস্যদের মধ্যে যে নতুন উদ্যোগ সঞ্চারিত হয়েছে তা অবহিত করেন।

অনেক জেলা সম্পাদকই কম-বেশি সামাজিক দায়বদ্ধতার

*এরপর দ্বিতীয় পাতায়*

জামিনী রায়ের জন্মের সার্ধশতবর্ষে আসুন আবার স্মরণ করি — ''পরের কারনে স্বার্থ দিয়া বলি এ জীবন মন সকলি দাও,''

## সন্দেশ এক নজরে—–

১) উচ্চতরে পদে বদলীর সিদ্ধান্ত (Lateral Transfer) একসাথে ৫৬ জনের আদেশনামা এক যুগান্তকারী সিদ্ধান্ত। পরবর্তীক্ষেত্রে আরও ১১ (এগারো) জনের এই Order বের হয়েছে।

২) লোকআয়োগ পর্ষদে (PSC) এ শূন্যপদ পূরণের লক্ষ্যে ফাইল পাঠানো হয়েছে। প্রশাসনিক শাখায় - ১৭১ জন, গবেষণা শাখায় - ৪১ জন।

৩) কর্তৃপক্ষ্য বাধ্য হয়ে আদেশনামা নং ১২০৩ তারিখ ১-০৪-১৩ বাতিল করেছে।

৪) ২২.০২.২০১৪ তারিখে “Towards Combating Climate Aberration in Agriculture” -এর উপর এক Seminar অনুষ্ঠিত হয়েছে এবং Annual Technical Issue প্রকাশিত হয়েছে।

৫) গবেষণা শাখায় ১৫-টি কেন্দ্রে জিরো ব্যালান্স একাউন্ট খোলার অনুমতি দেওয়া হয়েছে।

৬) এখনও পর্যন্ত প্রশাসনিক শাখায় ১১৫ জনের ও গবেষণা শাখায় ৮ জনের পূর্বতন ১৯ নং স্কেলে উন্নীতকরণ সংক্রান্ত আদেশনামা প্রকাশিত হয়েছে।

৭) গত ডিসেম্বর মাসে ১৩ জনের Confirmation সংক্রান্ত আদেশনামা বের হয়েছে।

৮) MCAS : সংক্রান্ত আদেশনামা : বেশকিছু আটতে থাকার পর বেরিয়েছে।
ক) 8 years MCAS : প্রশাসনিক শাখায় ২৪ জনের
গবেষণা শাখায় ৫ জনের
খ) 16 years MCAS : প্রশাসনিক শাখায় ৭ জনের
গবেষণা শাখায় ২ জনের।

## সাট্‌সা বাঁকুড়ার সভা

গত ডিসেম্বর বাঁকুড়ার কৃষি ভবনে সাট্‌সা জেলার বার্ষিক সভা অনুষ্ঠিত হল। বর্ধিত এই সভা এক বিশেষ অভিনবত্ব দাবী রাখে। একদিকে এই সভা আলোকিত করেন বাঁকুড়া জেলার কয়েকজন বিধায়ক, পঞ্চায়েত সমিতির সভাপতি, কৃষি কর্মাধ্যক্ষ, জেলাপরিষদের সভাধিপতি ও জেলার কৃষি কর্মাধ্যক্ষ এবং অন্যান্যরা জেলা পরিষদের নির্বাচিত সদস্যরা। আর অন্যদিকে ছিলেন সাট্‌সার রাজ্য ও জেলা নেতৃত্ব এবং সাধারণ সদস্যরা।

সকলের সক্রিয় ও উজ্জ্বল উপস্থিতি সভাটিকে এক বিশেষ মাত্রা দেয়। প্রারম্ভিক বক্তব্যে ওন্দার বিধায়ক ও কৃষি বিপণন দফতরের পরিষদীয় সচিব



মাননীয় অরূপ খাঁ মহাশয়, সাট্‌সার এই উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন।

কৃষি দফতরের কাজকর্ম ও উদ্যোগ বিস্তারিতভাবে বড় পর্দার মধ্যে উপস্থিত নির্বাচিত জনপ্রতিনিধিদের সামনে তুলে ধরা হয়। উপস্থিত সকল আধিকারিকদের সর্বাঙ্গীন প্রচেষ্টার কথা উদাহরণ সহযোগে ব্যাখ্যা করা হয়। খাস ধান ও পেঁয়াজ চাষ নিয়ে দপ্তরের পাশাপাশি সাট্‌সার কর্মকান্ডের বিস্তারিত তথ্য পেশ করা হয়, যা বিশেষভাবে প্রশংসিত হয়।

এই সভায় প্রগতিশীল কয়েকজন চাষীকে সংবর্ধিত করা হয় এবং বিশেষ পুরস্কার হিসাবে স্প্রেয়ার যন্ত্র ও মানপত্র তুলে দেওয়া হয়।

## সাট্‌সা পূর্ব মেদিনীপুরের সভা

গত ৪ঠা জানুয়ারী, ২০১৪ সালে পূর্ব মেদিনীপুরে জেলা শাখার উদ্যোগে নিউ দীঘায় সায়েন্স সেন্টারের অডিটোরিয়াম হলে সংগঠনের বার্ষিক সাধারণ সভার সঙ্গে কৃষক সংবর্ধনা সভা ও কৃষি আলোচনা শিবির অনুষ্ঠিত হল। উক্ত সভায় পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সম্মানীয় কর্মাধ্যক্ষ, কৃষি সেচ ও সমবায় স্থায়ী সমিতি, মাননীয় শ্রীযুক্ত বুদ্ধদেব ভৌমিক মহাশয়ের উজ্জ্বল উপস্থিতির মাধ্যমে এবং সাট্‌সার সাধারণ সম্পাদক শ্রী গৌতম কুমার ভৌমিক, যুগ্ম সম্পাদক শ্রী গোষ্ঠ ন্যায়বান, সহ-সভাপতি শ্রী অরুণাভ মাইতি, কেন্দ্রীয় কমিটি সদস্য শংকর দাস, গৌতম মন্ডল মহাশয়গণের উপস্থিতিতে এবং জেলার সকল সদস্যগণের উপস্থিতিতে জেলার ২৫টি ব্লকের প্রতিটি ব্লক থেকে একজন প্রগতিশীল সফল কৃষককে চিহ্নিত করে তাঁদের ‘কৃষি রবি’ হিসাবে সম্মানিত করা হল। এজন্য শংসাপত্র ও আর্থিক পুরস্কার দেওয়া হয়। উক্ত সভায় ‘জৈব কৃষি’ বিষয়ক তথ্য সমৃদ্ধ আলোচনা রাখেন সংগঠনের যুগ্ম সম্পাদক (পত্রিকা ও প্রকাশনা) মাননীয় শ্রী গোষ্ঠ ন্যায়বান মহাশয়। সভায় জেলা সম্পাদক শ্রী প্রশান্ত মান্না মহাশয় ঐ জেলায় অনুষ্ঠিত কৃষি ও কৃষকের প্রতি সামাজিক দায়বদ্ধতার কর্মসূচিগুলো ও সংগঠনের কর্মকান্ডগুলো তুলে ধরার পাশাপাশি জেলায় হলদিয়া মহকুমাকে কৃষি মহকুমা হিসাবে স্বীকৃতি প্রদান, এগরা মহকুমার পূর্ণাঙ্গ গঠন এবং খেজুরী-২নং এবং পটাশপুর-২নং ব্লককে কৃষি ব্লক হিসাবে স্বীকৃতি ও পরিকাঠামো তৈরীর পরিকল্পনা গ্রহণ এবং ব্লকে ব্লকে নিজেদের কৃষি অফিস তৈরির জন্য কর্মাধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। দুর্গত কৃষকদের পাশে দাঁড়িয়ে তাঁদের বিনামূল্যে বীজ ধান, সার দিয়ে সহযোগীতার জন্য সাট্‌সা পূর্ব মেদিনীপুর জেলার উদ্যোগকে ভূয়সী প্রশংসা করেন এবং কৃষি ও কৃষকের সার্বিক উন্নয়নের স্বার্থে ও তাদের সামাজিক মান উন্নয়নের স্বার্থে সাট্‌সার ভূমিকাকে সাধুবাদ জানান।



## সাট্‌সা উত্তর ২৪ পরগণার সেমিনার



সাট্‌সা পশ্চিমবঙ্গ এর উত্তর ২৪ পরগণা জেলা শাখার উদ্যোগে এবং হাবড়া ১নং পঞ্চায়েত সমিতির সহযোগিতায় গত ১১ই জানুয়ারী ২০১৪ তারিখে হাবড়ার কলতান সভাগৃহে “উত্তর ২৪ পরগণা জেলার খাদ্য নিরাপত্তায় আমাদের ভবিষ্যৎ ভাবনা” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ধানের চারা রোয়ার মধ্য দিয়ে উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন শ্রী ধীমান রায়, বিধায়ক, অশোকনগর বিধানসভা কেন্দ্র এবং প্রধান অতিথির আসন অলংকৃত করেন শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক, ভারপ্রাপ্ত মন্ত্রী খাদ্য ও সরবরাহ দপ্তর পশ্চিমবঙ্গ সরকার।

সংগঠনের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক শ্রী গৌতম কুমার ভৌমিক, সভাপতি শ্রী মুরারি যাদব, সহ-সভাপতি শ্রী অমিতাভ গাঙ্গুলী, যুগ্ম সম্পাদক (মুদ্রণ ও প্রচার) শ্রী গোষ্ঠ ন্যায়বান, কেন্দ্রীয় সম্পাদক মন্ডলীর সদস্য শ্রী শংকর দাস ও কেন্দ্রীয় কমিটির সদস্য শ্রী অরূপ দাস।

নিজেদের দাবীদাওয়ার বাইরে ছুটির দিনে কৃষকদের জন্য সাট্‌সার এই প্রয়াস এবং কৃষির উন্নয়নে সাট্‌সার সদস্যদের উল্লেখযোগ্য অবদানের প্রশংসা করেন বিধায়ক শ্রী বিমান রায়। মাননীয় মন্ত্রী সাট্‌সাকে কৃষকদের সাথে থাকার অনুরোধ করেন এবং সাট্‌সার পাশে থাকবে বলে আশ্বাস দেন।

দরকারি ফোন নম্বর এবং কৃষি বিভাগের বিভিন্ন প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য সম্বলিত একটি ডায়েরি উপস্থিত সকলকে প্রদান করা হয়। উপস্থিত ২০০ জন কৃষককে ১ কেজি তিল বীজ এবং ৫ কেজি এন.পি.কে ১০:২৬:২৬ সার বিতরণ করা হয় ও উপস্থিত কৃষকগণ সাট্‌সার এই প্রয়াসের ভূয়সী প্রশংসা করেন। জেলা সভাপতি সুবল দাস অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। জেলার কর্মকান্ড নিয়ে জেলা সম্পাদক শ্রী দুলাল বিশ্বাস বক্তব্য রাখেন। সমগ্র অনুষ্ঠানটি যৌথ ভাবে সঞ্চালনা করেন শ্রী শংকর দাস ও জেলা পত্রিকা সম্পাদক শ্রী দেবব্রত পাল। এই অনুষ্ঠানের আয়োজনে হাবড়া ১নং প: সমিতির সহ-সভাপতি জাকির হোসেন মহাশয়ের সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য।

## তৃতীয় সভার প্রতিবেদন...

*প্রথম পাতার পর*

নিরিখে গৃহীত কর্মসূচীর বর্ণনা দেন। পূর্বমেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জেলার সাম্প্রতিক কাজকর্ম সবার নজর কাড়ে। জলপাইগুড়ির জেলা সম্পাদক অল্প সংখ্যক লোকবল নিয়ে দায়িত্বপূর্ণ কাজ সম্পন্ন করার কথা তুলে ধরেন। তিনি আরও জানান যে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মাননীয় শ্রী গৌতম দেব মহাশয় তাদের কাজকর্মের প্রশংসা করেছেন।

স্কেল লিঙ্কড ডেজিগনেশন নিয়েও জেলা সম্পাদকরা তাদের জেলার মতামত তুলে ধরেন। বেশিরভাগ জেলা সহমত পোষণ করলেও UCS -এর মূলদাবী থেকে সরে না আসার কথা তুলে ধরেন।

বিস্তারিত আলোচনার ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি সভায় গৃহীত হয় :

১) জেলার শূন্য পদে গ্রুপ সি ও চুক্তিতে কর্মী নিয়োগ করা হবে বলে জানা গেছে। এক্ষেত্রে আত্মা প্রকল্পের সুযোগগুলো কাজে লাগাতে হবে।

২) বীজ পরীক্ষাগারগুলোতে মাসিক ৩০,০০০ টাকা চুক্তির ভিত্তিতে ১০-১২ জন কৃষি স্নাতক নিয়োগ করা হবে বলে জানানো হয়।

৩) প্রশাসনিক ব্লক ও মহকুমা-এর সঙ্গে সঙ্গতি রেখে নতুন ব্লক ও মহকুমা গঠনের চেষ্টা চলবে।

৪) ১৭১ জন কৃষি প্রযুক্তিবিদ্ নিয়োগ প্রক্রিয়া সংগঠন ত্বরান্বিত করবে।

৫) সহ কৃষি অধিকর্তা (প্রশাসন)-দের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলার ব্যাপারে কৃষি সচিবের অনীহা রয়েছে। এবিষয়ে সংগঠন পুনরায় উদ্যোগ নেবে।

৬) সদস্যদের বদলীর নীতি তৈরী হলেও বিশেষ পরিস্থিতিতে সদস্যদের সুবিধা-অসুবিধা বিবেচনা করা হবে।

৭) দপ্তরের কাজের অসুবিধাজনিত যেকোন অভিযোগ সদস্যরা লিখিতভাবে সংগঠনকে জানাবেন।

৮) বিভিন্ন প্রকল্পে কৃষি উপকরণ বিতরণের শেষ সময় সীমা অতিক্রম হলে তা গ্রহণ করা যাবে না।

সমাপ্তি ভাষণে সাট্‌সার মাননীয় সভাপতি সামাজিক দায়বদ্ধতার উপর জোর দেন। স্কেল লিঙ্কড ডেজিগনেশন নিয়ে আলোচনার অবকাশ আছে বলে তিনি মত প্রকাশ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ হয়।





তখন থেকে আজ পর্যন্ত বহু পরী(া-নিরী(ার মধ্যে দিয়ে আমাদের জল-হাওয়ার উপযোগী দেশী-বিদেশী সবজী বীজ আমরা সরবরাহ করে আসছি, আপনার প্রয়োজনীয় সেরা বীজটিও আমাদের কাছেই পাবেন

ভারত নার্শারী প্রা. লি.
৬০এ, অরবিন্দ সরণী, কলকাতা-৭০০ ০০৫
ফোন (০৩৩)২৫৫৫ ২৪২২, (০৩৩)২৭০৫ ০২৫৪, (০৩৩)২৫৩০ ৮৮২২
ফ্যাক্স (০৩৩)২৫৪৩ ৭১৮২, (০৩৩)২৫৩০ ১২৩৪
E-mail : bhratnpl@vsnl.net.
http: www.bharatnursery.com

টোটালের আশ্বাস বিজ্ঞানের চাষবাস



টোটাল
জৈব সার
মৃত্তিকা উর্বরক
উদ্ভিদ বৃদ্ধি নিয়ন্ত্রক
ছত্রাকনাশক ও অ্যান্টিবায়োটিক
মাছের খনিজ খাবার
মুখ্য খাদ্য
গৌণ খাদ্য
অণু খাদ্য (মাটি ও পাতায় প্রয়োগ)



Total টোটাল এগ্রিকেয়ার কনসার্ন প্রা.লি.
১২এ, নেতাজী সুভাষ রোড (দ্বিতল), কলকাতা - ৭০০ ০০১


স্টেট এগ্রিকালচারাল টেকনোলজিস্টস্ সার্ভিস অ্যাসোসিয়েশন, ওয়েস্টবেঙ্গল-এর পক্ষে শ্রী মৃত্যুঞ্জয় মর্দন্য কর্তৃক সম্পাদিত ও ৮ডি, কৃষ্ণ লাহা লেন, কোলকাতা-১২ থেকে এবং রয় এন্টারপ্রাইজেস্-৯৮৩০৮৬৪৭০৩, কোলকাতা-২৬ দ্বারা মুদ্রিত, বিনিময় মূল্য ২ টাকা